

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.২৭৪

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮

২৫ মে ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের অনুমতি প্রদানের বিষয়ে আবেদন পত্র পাওয়া গেছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	আবেদনের বিষয়
১.	গোল্ডেন লাইফ একাডেমি, চর-রাজিবপুর, কুড়িগ্রাম	নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
২.	রোজ গার্ডেন মডেল জুনিয়র স্কুল, কালিয়াকৈর, গাজীপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৩.	গ্রাম বাংলা বিদ্যালয়, কালিয়াকৈর, গাজীপুর	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
৪.	আলিফ বিজ্ঞান ও কারিগরি জুনিয়র স্কুল, কুলিয়ারচর, কিশোরগঞ্জ	মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নমাধ্যমিক/মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করে সংযুক্ত ছক মোতাবেক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের EIIN নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ও ইমেইল ঠিকানা;
- (২) প্রতিষ্ঠানের নিজস্ব জমির নামজারি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তিনামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটি/গভর্নিংবডির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে); ও
- (৪) মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতির ক্ষেত্রে-৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের ক্ষেত্রে- ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ)।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৫-৫-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

বিতরণ :

১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা

ইমেইল: ds_sec2@moedu.gov.bd


২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০১.১৭.২৭৪/১(৫)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-৫-২০২১

আনোয়ারুল হক
উপসচিব